**প্রেস রিলিজ**

তারিখ: ১৬ জুলাই ২০২৬

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুলে 'জুলাই শহীদ দিবস-২০২৬' পালন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

জেলা শিক্ষা অফিসের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ল্যাবরেটরি স্কুলে 'জুলাই শহীদ দিবস-২০২৬' যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে আজ ১৬ জুলাই ২০২৬ (বৃহস্পতিবার) বিকেল ৩:০০টায় এক আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) ল্যাবরেটরি স্কুলের প্রধান শিক্ষক মোঃ আবদুল কাইয়ুম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন স্কুল পরিচালনা পর্ষদের সম্মানিত সভাপতি এবং বাউবির কৃষি ও পল্লী উন্নয়ন স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম। তিনি বলেন, জুলাই শহীদ দিবস ও জুলাই গণঅভ্যুত্থান দিবস জাতির ইতিহাসে এক বেদনাবিধুর হলেও অত্যন্ত তাৎপর্যপূর্ণ অধ্যায়। এ উপলক্ষে তিনি জুলাইয়ের সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তাঁদের আত্মত্যাগ দেশের মানুষের অধিকার, ন্যায়বিচার ও গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার প্রেরণা হয়ে থাকবে। তিনি শিক্ষার্থীদের উদ্দেশে নিয়মিত অধ্যয়ন, সততা, দেশপ্রেম, মানবিকতা, শৃঙ্খলা, দায়িত্বশীলভাবে প্রযুক্তি ব্যবহারের পাশাপাশি শিক্ষক, অভিভাবক ও বড়দের প্রতি শ্রদ্ধাশীল এবং সহপাঠীদের প্রতি সহানুভূতিশীল হওয়ার আহ্বান জানান। তিনি আরও বলেন, একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে শিক্ষিত, সৎ ও মানবিক নাগরিক হিসেবে নিজেদের গড়ে তোলাই হবে শহীদদের প্রতি প্রকৃত শ্রদ্ধা। শেষে তিনি জুলাইয়ের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে শান্তি, সম্প্রীতি, ন্যায় ও মানবিক মূল্যবোধ সমুন্নত রেখে বৈষম্যহীন বাংলাদেশ বিনির্মাণে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে জুলাই আন্দোলনে শহীদদের আত্মত্যাগের তাৎপর্য, গণতন্ত্র, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় তাদের অবদান নিয়ে আলোচনা করা হয়। একই সঙ্গে দেশ, জাতি এবং শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল পরিচালনা পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থীরা ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)